দৈনিক ই-নিসার

159

তারিখ ... ... ... MAR. 09 2000
পৃষ্ঠা ১৩ কলাম ৪

# লক্ষ্মীপুরে এসএসসি পরীক্ষায় সোয়া ৫ ইঞ্চির পপি গাইড

লক্ষ্মীপুর থেকে হোসাইন আহসান হেলাল ॥ চলতি এসএসসি পরীক্ষায় পরীক্ষার্থীদের নকলের মহোৎসবের পাশাপাশি পপি টেকনিক গাইডের কেরামতি কারো চোখ এড়াতে পারেনি। পরীক্ষার সঙ্গে যুক্ত প্রশাসন থেকে শুরু করে সকল মহলের চোখে পপির কেরামতি লক্ষণীয়। এ কেরামতি লক্ষ্মীপুর জেলায় কেবল শেষ নয় আশপাশের জেলাসমূহেও দেখা যাচ্ছে। প্রতিটি পরীক্ষা কেন্দ্রের বাইরে অভিভাবক এবং নকল সরবরাহকারীদের হাতে সোয়া ৫ ইঞ্চি দীর্ঘ, পৌনে ৪ ইঞ্চি প্রস্থ সাইজের এ কেরামতি বই দেখা গেছে। কোথাও কোথাও পরীক্ষা চলাকালীন সময়ে কেন্দ্রের ভিতরে পরীক্ষার্থীর হাতেও দেখা যায়। লাল পাতলা কভারের উপরে 'গ্রীন স্টার, সরাসরি হ্যান্ড নোট থেকে সংগৃহীত, এসএসসি পরীক্ষার্থীদের জন্য পপি টেকনিক গাইড, ১০০ ভাগ কমনের নিশ্চয়তা সহকারের বিভিন্ন বিষয়ের নাম উল্লেখ রয়েছে। আরো রয়েছে সম্পাদনায় সেভেন টিচার্স। কারো নাম লেখা নেই। ২য় পৃঃ লেখা আছে রচনায় সেভেন টিচার্স, পরিবেশনায় পপি লাইব্রেরী, ঢাকা-চট্টগ্রাম।

পরীক্ষার্থীর মাঝে থেকে বিভিন্ন বিষয়ের ভীতি এড়ানোর জন্য যে বইয়ের অভাব অনুভব করছিল তা কিছুটা পূরণার্থে আমাদের এ ক্ষুদ্র প্রয়াস। ধন্যবাদান্তে প্রকাশক মোঃ এস আলম সোহাগ, বগুড়া লেখা রয়েছে। পপির এ কেরামতি বইটি সকল বইয়ের দোকান ছাড়াও স্টেশনারী ও পরীক্ষা কেন্দ্রসমূহের আশপাশের যে কোন দোকানে পাওয়া যাচ্ছে। বইয়ের মূল্য লেখা না থাকলেও কেউ নিচ্ছে ১০ টাকা, ১৫ টাকা, আবার কোথাও কোথাও ৪০/৫০ টাকাও বিক্রি হচ্ছে।